

আল-আন'আম | Al-An'am | الْأَنْعَام

আয়াতঃ ৬ : ১৩

আরবি মূল আয়াত:

وَلَهُ مَا سَكَنَ فِي الْإِيلِ وَالنَّهَارِ ۚ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١٣﴾

অনুবাদসমূহ:

যা কিছু রাতে ও দিনে স্থিত হয় তা তাঁরই। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ। — আল-বায়ান

রাতে (অন্ধকারে) আর দিনে (আলোয়) যা বাস করে তা তাঁরই, তিনি হলেন সর্বশ্রোতা, সর্বজ্ঞ। — তাইসিরুল

রাতের অন্ধকারে এবং দিনের আলোয় যা কিছু বসবাস করে ও বর্তমান রয়েছে তা সব কিছুই আল্লাহর। তিনি সব কিছুই শোনেন ও জানেন। — মুজিবুর রহমান

And to Him belongs that which reposes by night and by day, and He is the Hearing, the Knowing. — Sahih International

১৩. আর রাত ও দিনে যা কিছু স্থিত হয়, তা তারই(১) এবং তিনি সবকিছু শোনেন, সবকিছু জানেন।

(১) এখানে سَكُنَ অর্থ اسْتَقَرَّ অবস্থান করা; অর্থাৎ পৃথিবীর দিবা-রাত্রিতে যা কিছু অবস্থিত আছে, তা সবই আল্লাহর। [তাবারী] অথবা এর অর্থ سَكُنَ وحَرَكَ এর সমষ্টি। অর্থাৎ مَا تَحَرَّكَ وَمَا سَكَنَ (স্থাবর ও অস্থাবর) আয়াতে শুধু سَكُنَ উল্লেখ করা হয়েছে। কেননা, এর বিপরীত حَرَكَত আপনা-আপনিই বুঝা যায়। অথবা سَكَنَ অর্থ যাবতীয় সৃষ্টি। অর্থাৎ যাবতীয় সৃষ্টির মালিকানা আল্লাহরই। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১৩) রাত ও দিনে যা কিছু থাকে তা তাঁরই এবং তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=802>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন